

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর।

বিজ্ঞপ্তি

নম্বর : ০১৬৭

তারিখ: ১৮/৪/২০১৭

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের মাস্টার্স শেষ পর্ব প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদন ফরম অনলাইন হতে ডাউনলোড করে আগামী ২৩/০৪/২০১৭ তারিখ হতে ০২/০৫/২০১৭ তারিখ পর্যন্ত (শুক্রবার, শনিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) = ১৭০০/(এক হাজার সাতশত টাকা মাত্র) জনতা ব্যাংক কলেজ বুথ শাখায় জমা দিয়ে নিম্নবর্ণিত কাগজপত্রসহ কলেজ অফিসে জমা দেয়ার জন্য বলা হলো।

০১। রেজিস্ট্রেশনের যোগ্যতা :

ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ০৪ বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় ন্যূনতম ৩য় শ্রেণীতে উত্তীর্ণ শিক্ষার্থী রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

খ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ থেকে ২০১৪ সাল পর্যন্ত ০১ বছর মেয়াদী মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত ও প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

গ) আবেদনের যোগ্যতা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার-এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ এবং উত্তম আচরণের প্রত্যয়ন সাপেক্ষে কারাবন্দীগণ উক্ত প্রাইভেট কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

ঘ) বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনীর সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে বিভাগীয় প্রধানের অনুমতিক্রমে উক্ত কোর্সে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।

২। কারমাইকেল কলেজে, নির্ধারিত বিষয়সমূহ : বাংলা, ইংরেজি, আরবী, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, ইসলামী শিক্ষা, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, পঠিত বিষয়ে আবেদন করা যাবে।

০৩। প্রয়োজনীয় কাগজপত্র ০১ সেট করে (যা কলেজে জমা দিতে হবে) :

ক) এসএসসি/সম্মান, এইচএসসি/সম্মান পাশের সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

খ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব পাশের নম্বরপত্র ও রেজি:কার্ডের সত্যায়িত ফটোকপি।

গ) প্রিন্টকৃত আবেদন কপি কলেজে জমা দিতে হবে।

ঘ) স্নাতক (সম্মান)/মাস্টার্স ১ম পর্ব পাশের প্রশংসাপত্রের সত্যায়িত ফটোকপি।

৩। সংশ্লিষ্ট কলেজ প্রতিটি বিষয়ে সর্বোচ্চ ১০০০ (এক হাজার) জন শিক্ষার্থীর আবেদন ফরম অনলাইন থেকে ডাউনলোড করতে পারবে।

স্বাক্ষর

অধ্যক্ষ

কারমাইকেল কলেজ, রংপুর।

স্মারক নং:

তারিখ:

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. উপাধ্যক্ষ, এই কলেজ।
২. আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার, রংপুর। উক্ত বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধ জানানো হলো।
৩. ম্যানেজার, জনতা ব্যাংক, লালবাগ বাজার শাখা, রংপুর।
৪. অফিস কপি।

স্বাক্ষর

কারমাইকেল কলেজ, রংপুর।
(প্রফেসর ড. মোঃ আব্দুল লতিফ মিয়া-৫১৭৫)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর